গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১২১.১৪-২১

তারিখঃ ২১ পৌষ ১৪২৬ / ০৫ জানুয়ারি ২০২০

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৫৮৬৯/১৪ (আপীল নং-২০৯৯/১৫ এবং কনটেম্পট পিটিশন নং-৩৮২/১৯) মামলায় ১০.০৭.২০১৪ খ্রি. তারিখের রায়ের আলোকে জামালপুর জেলার মাদারগঞ্জ উপাজেলাধীন হাজী কাদের সাংবাদিক মাহবুব টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর শিক্ষক/কর্মচারীগণের অনুকূলে ২০০৯-২০১০ অর্থবছর হতে বকেয়া বেতন ভাতা (এমপিও) প্রদান।

সূত্র: (১) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৯.৫৯-১৬০৮ তারিখ: ২৫.০৯.১৯ খ্রি.।
(২) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-১০.০০.০০০০.১২৯.০৪.১২৪.১৯-১৬২ তারিখ: ০১.১২.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৬.৫.১০ তারিখের শিম/শা:১৩/ এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকমূলে ২০০৯-১০ অর্থবছরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানের জন্য জামালপুর জেলার মাদারগঞ্জ উপাজেলাধীন হাজী কাদের সাংবাদিক মাহবুব টেকনিক্যাল স্কুল এন্ড কলেজটি এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত করা হয়।

০২। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ৩১.০৫.২০১০ তারিখের শিম/শা:১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকমূলের মাধ্যমে গত ০৬.০৫.১০ তারিখের শিম/শা:১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকটি অকার্যকর করা হয়। এর ফলে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৮৬৯/১৪ মামলা দায়ের করা হয়। উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক বিগত ১০.০৭.১৪ তারিখে প্রদত্ত রায়ের শেষাংশ নিম্নরূপ-

"The respondents concerned are hereby directed to include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 provided it fulfills the requirements as stipulated in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০, (in short, the Janabal Kathamo, 2010)", within a period of 90 (ninety) days from date of receipt of the copy of the judgment and order.

০৩। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-২০৯৯/১৫ দায়ের করা হলে তা ১০.০৯.১৫ খ্রি. তারিখে খারিজ (সময় তামাদির কারণে) হয়ে যায় মহামান্য আপিল বিভাগের ১০.০৯.১৫ খ্রি. তারিখের আদেশটি নিম্নরূপ:

The leave petition is out of time by 385 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly, the Civil Petition for leave to appeal is dismissed as barred by limitation.

০৪। এর ফলে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ০৭.০১.১৬ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৪. ২৯.০০৩.১৫.১৬ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটিকে এমপিওভুক্ত করা হয়। পরবর্তীতে DTE কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণের অনুকূলে মে-জুন/১৭ মাসে বেতন ভাতা (এমপিও) ছাড় করা হয়।

০৫। বর্ণিত রিট মামলায় গত ১০.০৭.১৪ তারিখের রায়/আদেশ পূর্ণাঙ্গা না হওয়ায় পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩৮২/২০১৯ দায়ের করা হয়। উক্ত কনটেম্পট মামলায় Contemnor Respondent- হলেন Mr. Munshi Shahabuddin, Secretary TMED, Ministry of Education, এবং Rawnok Mahmud, Director General, DTE.

০৬। কনটেম্পট পিটিশনে বকেয়া বেতন ভাতা প্রদান সংক্রান্তে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত চাওয়া হলে সূত্র (২) মূলে বকেয়া প্রদানের স্বপক্ষে মতামত পাওয়া যায় (কপি সংযুক্ত)।

০৭। যেহেতু উক্ত কলেজের শিক্ষক-কর্মচারীগণকে মে/১৭ মাস হতে এমপিওভুক্তক্রমে বর্তমান এমপিও চালু আছে এবং যেহেতু মহামান্য হাইকোর্টের ১০.০৭.১৪ খ্রি. তারিখের আদেশে উক্ত প্রতিষ্ঠানটি ২০০৯-২০১০ অর্থবছর হতে এমপিওভুক্তির নির্দেশনা রয়েছে এবং যেহেতু সরকার পক্ষে দায়ের করা লীভ টু আপীল নং-২০৯৯/১৫ মামলাটি খারিজ হয়ে গেছে এবং যেহেতু আইন ও বিচার বিভাগ কর্তৃক ও বকেয়া প্রদানের স্বপক্ষে মতামত ব্যক্ত করা হয়েছে সেহেতু রিট মামলার রায় অনুযায়ী এবং আইন ও বিচার বিভাগের সুস্পষ্ট মতামতের আলোকে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণকে ২০০৯-১০ অর্থবছরের ০৬ মে/১০ হতে এপ্রিল/১৭ পর্যন্ত (মে/১৭ হতে এমপিও চালু থাকায়) সময়ের বকেয়া এমপিও প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৫৮৬৯/১৪ মামলায় ১০.০৭.১৪ তারিখের রায়/নির্দেশনা অনুযায়ী এবং আইন ও বিচার বিভাগ কর্তৃকও বকেয়া প্রদানের স্বপক্ষে সুস্পষ্ট মতামতের আলোকে জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলাধীন হাজী কাদের সাংবাদিক মাহবুব টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষক-কর্মচারীগণকে ০৬ মে/১০ হতে এপ্রিল/১৭ পর্যন্ত (মে/১৭ হতে এমপিও চালু থাকায়) সময়ের বকেয়া বেতন-ভাতা'র সরকারি অংশ (এমপিও) বর্তমান বাজেট হতে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ৩০.০১.২০ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিতিসহ সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে- ০৩ (তিন) ফর্দ।

(মো: আ: খালেক মিঞা) 05/01/2020
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। অধ্যক্ষ, হাজী কাদের সাংবাদিক মাহবুব টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মাদারগঞ্জ, জামালপুর।